

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, জুলাই ১৬, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ  
(উপজেলা-১ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ : ০৬ জুন ২০১৬

নং ৪৬.০৪৬.০২৭.০০.০০.০২৭.২০১৪-৮৮৫—যেহেতু, জনাব মোঃ গোলাম রববানী, চেয়ারম্যান, মিঠাপুকুর উপজেলা পরিষদ, রংপুর এর বি঱ক্কে নির্বাচিত হয়ে গত ২৭ মে, ২০১৪ তারিখে শপথ গ্রহণের পর হতে অদ্যাবধি উপজেলা পরিষদের সভাসমূহে যোগদান না করার অভিযোগের সত্যতা পাওয়া গিয়েছে এবং তার বি঱ক্কে দায়েরকৃত ফৌজদারী মামলাসমূহের প্রকৃতি গুরুতর যা রাষ্ট্রের স্বার্থের হানিকর;

যেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(১)(ক), ১৩(১)(খ) ও ১৩(১)(চ) ধারার অপরাধে একই আইনের ১৩(২) ধারা অনুযায়ী কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয় এবং রেজিস্ট্রি ডাকযোগে প্রেরিত কারণ দর্শানোর নোটিশ প্রাপককে না পেয়ে ফেরত আসে;

যেহেতু, নির্বাচিত হয়ে গত ২৭-০৫-২০১৪ তারিখে শপথ গ্রহণের পর হতে অদ্যাবধি উপজেলা পরিষদের মাসিক সভাসমূহে যোগদান না করা এবং তার বি঱ক্কে দায়েরকৃত ফৌজদারী মামলাসমূহের সাথে সংশ্লিষ্ট অপরাধের প্রকৃতি গুরুতর, বিধায় উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(১)(ক), ১৩(১)(খ) ও ১৩(১)(চ) ধারায় পরিষদ সভায় অনুপস্থিত থাকা ও রাষ্ট্রের স্বার্থের হানিকর কার্যকলাপে জড়িত থাকার অভিযোগে সরকার জনস্বার্থে তাকে তার স্বীয় পদ হতে অপসারণের সিদ্ধান্ত গ্রহণ করেছে;

(১২৬৩৯ )

মূল্য : টাকা ৪.০০

এমতাবস্থায়, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩(২) ধারা অনুযায়ী রংপুর জেলার মিঠাপুকুর উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ গোলাম রক্বানী-কে মিঠাপুকুর উপজেলা পরিষদের চেয়ারম্যান পদ হতে অপসারণ করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

**ড. জুলিয়া মঙ্গল**  
সিনিয়র সহকারী সচিব।